

সভার কার্যবিবরণী

স্থানঃ কামারখালী U.P.C ভবন।

তারিখঃ ৩০/০৮/২০২২ ইং,

সময়ঃ সকাল ১০.০০ ঘটিকা।

সভাপতিঃ জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী, ইউপি চেয়ারম্যান।

উপস্থিত সদস্যবৃন্দের নাম

০১. জনাব মমতাজ বেগম	০৭. জনাব মোঃ আছাদুজ্জামান মুন্সী
০২. জনাব জোহরা বেগম	০৮. জনাব মোঃ মতিয়ার রহমান
০৩. জনাব আসমা বেগম	০৯. জনাব মোঃ আশরাফ মোল্যা
০৪. জনাব মোঃ জসীম শেখ	১০. জনাব মোঃ আবুল কালাম আজাদ
০৫. জনাব মোঃ আলমগীর হোসেন	১১. জনাব মোঃ সাজেদুল ইসলাম দুলা
০৬. জনাব মোঃ ছরোয়ার ফকির	১২. জনাব মোঃ নুরুল ইসলাম মোল্যা

অদ্য জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী, ইউপি চেয়ারম্যান সাহেবের সভাপতিত্বে আগস্ট/২০২২ মাসের সভার কার্য শুরু করা হইল।

আলোচ্য সূচি-১:

অদ্যকার সভার সভাপতি জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরীর সভাপতিত্বে বিগত সভার কার্যবিবরণী পাঠ অনুমোদন করা হইল। কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

আলোচ্য সূচি-২:

সভায় সভাপতি সাহেব উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্য শুরু করেন। তিনি জানান যে, খাদ্য বান্ধব কর্মসূচি ভোক্তাদের তালিকা যাচাই নিয়ে আমাদের যে নির্দেশ দেওয়া হয়েছে তাহা যথাযথভাবে পালন করা প্রয়োজন এবং এ বিষয়ে সবার সহযোগিতাও প্রয়োজন। এছাড়া তিনি আরও বলেন যে, খাদ্য বান্ধব কর্মসূচি নিয়ে যদি কারো কোন কিছু জানার বা বোঝার থাকলে সে যেন এ বিষয়ে জানান। তখন ১ নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ জসীম শেখ জানতে চাইলেন যে, একই পরিবারে যদি একাধিক কার্ডধারী ব্যক্তি থাকে, বা ভোটের যদি অন্যত্র চলে যায় সে ক্ষেত্রে করণীয় কি? তখন সভাপতি সাহেব জানান যে, যদি এরকম কোন কিছু ঘটে তাহলে সেই ব্যক্তি খাদ্য বান্ধব কর্মসূচি তালিকা থেকে বাদ পড়বেন। তাছাড়া তিনি আরও বলেন যে, খাদ্য বান্ধব কর্মসূচি ভোক্তাদের তালিকা যাচাই নিয়ে উপজেলা পর্যায়ে অনলাইনে জুম মিটিং আয়োজন করা হয় এবং সেখানে খাদ্য বান্ধব কর্মসূচি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। তখন উপজেলা খাদ্য কর্মকর্তা নির্দেশ দেন যে, খাদ্য বান্ধব কর্মসূচি ভোক্তাদের তালিকা যাচাই বাছাই যত দ্রুত সম্ভব সম্পন্ন করতে হইবে এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টারে ইউডিসিগণকে দ্রুত কাজ সম্পন্ন করার কথা বলেন। এছাড়া এ কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার লক্ষ্যে সকলকে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করেন।

আলোচ্য সূচি-৩:

সভায় সভাপতি সাহেব উপস্থিত সদস্যগণকে জানান যে, অত্র ইউনিয়নে নদী ভাঙ্গনে ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর তালিকা করার প্রয়োজন। সকল সদস্য এ ব্যাপারে একমত পোষণ করেন।

বিবিধ:

সভায় ৯ নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ নূরুল ইসলাম মোল্যা সাহেব জানতে চাইলেন যে, এলজিএসপি-৩ কর্মসূচির কোন বরাদ্দ এসেছে কিনা। যদি বরাদ্দ আসে তাহা হইলে কামারখালী ইউনিয়নে বিভিন্ন স্থানে নলকূপ স্থাপন বাস্তবায়ন করা হোক। তখন সভায় সভাপতি সাহেব জানান যে, গত বছর টিউবয়েল দাবি করা হয় কিন্তু উপজেলা নির্বাহী কর্মকর্তা স্যার আমাদেরকে নিরুৎসাহিত করেন। আমরা এ বছরে টিউবয়েলের প্রস্তাব রাখবো এবং সেটা পেলে আমরা নলকূপ স্থাপন বাস্তবায়ন করবো। ৮ নং ওয়ার্ডের সদস্য জনাব সাজেদুল ইসলাম (দুলু) জানান যে, কামারখালী বাজারে যে সব দোকান ট্রেড লাইসেন্স দেয়নি, সেসব দোকান বন্ধ রাখার কথা বলেন এবং বন্ধ রাখার আগে মাইকিং করার প্রস্তাব রাখেন। এছাড়া হোল্ডিং ট্যাক্স পরিশোধ করার কথাও তিনি বলেন। তিনি আরও জানান যে, ট্যাক্স, ট্রেড লাইসেন্স এবং খেয়াঘাট থেকে সদস্যদের সম্মানীর বিষয়টি উত্থাপন করেন এবং দাবি জানান। তখন সভাপতি সাহেব সকলকে সম্মানী দেওয়ার ব্যাপারে আশ্বস্ত করেন।

চলতি মাসের আয় ও খরচের বিবরণী সভায় উপস্থাপন করা হইল। ভাউচার পরীক্ষান্তে সঠিক পাওয়া গেল এবং সর্বসম্মতিক্রমে অনুমোদন হইল।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকল সদস্য কে ধন্যবাদ জানিয়ে সভার কার্য শেষ করেন।

সভাপতি



(মোঃ রাকিব হোসেন চৌধুরী)

চেয়ারম্যান

১ নং কামারখালী ইউনিয়ন পরিষদ

মধুখালী, ফরিদপুর।

মোবাইল: ০১৭১২-৮৭৭১২৩।

তারিখ: ৩০/০৮/২০২২ খ্রি: